ভোরের কাগজ

JAN 31 2000
তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৭

72

# রাজশাহী কলেজে ছাত্রলীগ-শিবির সংঘর্ষ
# আহত ১০, অধ্যক্ষের কক্ষ ভাঙচুর

**রাজশাহী প্রতিনিধি :** রাজশাহী কলেজে গতকাল রোববার দুপুরে ছাত্রলীগ ও ছাত্রশিবির কর্মীদের মধ্যে ঘণ্টাব্যাপী সংঘর্ষ এবং ধাওয়া-পাল্টা ধাওয়ায় ১০ জন ছাত্র আহত হয়েছে। এ সময় শিবির ও ছাত্রদল কর্মীরা কলেজ অধ্যক্ষের কক্ষ ভাঙচুর করে। অধ্যক্ষকে অকথ্য ভাষায় গালিগালাজ করা হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ৭ রাউন্ড টিয়ার সেল নিক্ষেপ করে। ঘটনার সময় ব্যাপক ককটেলের বিস্ফোরণ ঘটে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্র জানায়, সকাল সাড়ে ১১টার দিকে কলেজে ছাত্র ইউনিয়ন এবং ছাত্রশিবিরের মিছিল চলাকালে ঐ দুটি মিছিল থেকে উস্কানিমূলক স্লোগান দেওয়া হচ্ছিল। এই সময় উভয় সংগঠনের কর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়লে শিবিরকর্মীরা ছাত্র ইউনিয়নের মিছিলকে ধাওয়া করে এবং কলেজ থেকে বের করে দেয়। এরপর শিবিরকর্মীরা মিছিল নিয়ে কলেজ চত্বর প্রদক্ষিণ করে মেইন গেট দিয়ে বের হয়ে যাওয়ার সময় কে বা কারা ঐ মিছিল লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করে। এই সময় কয়েকজন শিবিরকর্মী এবং ছাত্রদলের কর্মীরা এসে ছাত্রলীগ কর্মী মারুফকে বেদম প্রহার করে। এরপর পরই ছাত্রলীগ কর্মীদের সঙ্গে শিবিরকর্মীদের সংঘর্ষ বেধে যায়।

ছাত্রলীগ দাবি করেছে, ঐ সময় ছাত্রদলকর্মীরা শিবিরকর্মীদের সঙ্গে যোগ দেয়। পরে তারা কলেজ অধ্যক্ষের কক্ষে গিয়ে চেয়ার-টেবিল, জানালা-দরজার কাঁচ ও টেলিফোন সেট ভাঙচুর করে। এ সময় ছাত্রদল-ছাত্রশিবির কর্মীরা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করলে পুলিশ ৭ রাউন্ড টিয়ার সেল নিক্ষেপ করে।

গতকাল দুপুরে রাজশাহী কলেজের স্টাফ কাউন্সিলের সভায় ভাঙচুরের ঘটনার নিন্দা জানানো হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে রাজশাহী কলেজে উত্তেজনা বিরাজ করছে। ছাত্রলীগের পক্ষ থেকে পাঁচজনকে আসামি করে বোয়ালিয়া থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।